

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭
www.doict.gov.bd

স্মারক নম্বরঃ ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০.৩৮

তারিখঃ ০৪ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
২০ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও স্কুল অব ফিউচার স্থাপনের নিমিত্ত জেলা ভিত্তিক প্রতিষ্ঠানের তালিকা মাননীয় সংসদ সদস্যগণের নিকট থেকে সংগ্রহপূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং ৫৬.০৪.০০০০.০৩২.০৬.০০১.১৯.১০৭; তারিখ ০৬/১০/২০২০।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রণীত “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)” শীর্ষক একটি প্রকল্প গত ২৮/০৭/২০২০ তারিখের একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। উক্ত প্রকল্পের আওতায় সারাদেশে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কলেজ, মাদ্রাসা ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৫০০০টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন এবং এর মধ্যে থেকে প্রতিটি সংসদীয় আসনে একটি করে মোট ৩০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবকে “স্কুল অব ফিউচার” এ রূপান্তর করা হবে। এ প্রেক্ষিতে প্রতিটি নির্বাচনী আসন থেকে ১৫টি প্রতিষ্ঠানের নাম এবং সংরক্ষিত মহিলা আসন থেকে ৫টি প্রতিষ্ঠানের নাম প্রেরণের নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি মহোদয় গত ০৩/০৯/২০২০ তারিখে মাননীয় সংসদ সদস্যগণের নিকট আধা-সরকারী পত্র প্রেরণ করেছেন। উল্লেখ্য যে, প্রতি জেলায় আইসিটি বিষয়ক কমিটি নির্ধারিত আছে।

এমতাবস্থায়, “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে মাননীয় সংসদ সদস্যগণের নিকট থেকে প্রতিষ্ঠানের নামের তালিকা সংগ্রহ করে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়) এর প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক (সকল)

ও

সভাপতি, জেলা আইসিটি বিষয়ক কমিটি


(এ. বি. এম. আরশাদ হোসেন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১. প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৪. প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়.....।
৫. সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়..... জেলাঃ.....।
৬. অফিস কপি।